



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৪৪৩

তারিখঃ ২০/০৭/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৮০ তম কমিশন সভা অদ্য ২০/০৭/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অধ্যকার সভায় বে-মেয়াদী ICL Balanced Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৮ কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটি অভিজিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক Impress Capital Limited, ট্রাস্টি Bangladesh General Insurance Company Limited (BGIC) এবং কাস্টডিয়ান BRAC Bank Limited।
২. কমিশন বে-মেয়াদী ATC Shariah Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটি অভিজিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা Asian Tiger Capital Investment Limited ও সম্পদ ব্যবস্থাপক Asian Tiger Capital Partners Asset Management Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh।
৩. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ২৬ক অনুসারে আগামী ২১ জুলাই ২০১৬ তারিখে সমাপ্য তিন বছরের সময়সীমার মধ্যে ব্যাংকের পুঁজিবাজার এক্সপোজরের আইনানুগ সীমা (ইকুইটিটির ২৫ শতাংশ)-এর মধ্যে আনতে নিম্নোক্ত পাঁচটি ব্যাংকের সাবসিডিয়ারীসমূহের বর্ধিত মূলধন উত্তোলনের (শেয়ারের জন্য আমানত এবং/অথবা ঋণকে ইকুইটিতে রূপান্তরের মাধ্যমে) অনুমোদন দেয়া হয়ঃ
  - ক) কমিশন MTB Securities Limited (Subsidiary of Mutual Trust Bank Ltd.) স্টক ব্রোকার এর আবেদনের প্রেক্ষিতে ১২,৫০,০০,০০০ টি (প্রতিটি ১০ টাকা মূল্যে) সাধারণ শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করেছে। যা, কোম্পানীর বিদ্যমান (existing) শেয়ারহোল্ডারগণের মধ্যে ইস্যু করা হবে। উক্ত ইস্যুর মাধ্যমে কোম্পানীটি টাকা ১২৫,০০,০০,০০০ উত্তোলন করবে। ফলশ্রুতিতে কোম্পানীর পরিশোধিত মূলধন টাকা ২০০,০০,০০,০০০ হতে টাকা ৩২৫,০০,০০,০০০ -এ উন্নীত হবে।
  - খ) কমিশন, Southeast Bank Capital Services Limited (Subsidiary of Southeast Bank Ltd.) মার্চেন্ট ব্যাংক এর আবেদনের প্রেক্ষিতে ৩০,০০,০০,০০০ টি (প্রতিটি ১০ টাকা মূল্যে) সাধারণ শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করেছে। যা, কোম্পানীর বিদ্যমান (existing) শেয়ারহোল্ডারগণের মধ্যে ইস্যু করা হবে। উক্ত ইস্যুর মাধ্যমে কোম্পানীটি টাকা ৩০০,০০,০০,০০০ উত্তোলন করবে। ফলশ্রুতিতে কোম্পানীর পরিশোধিত মূলধন টাকা ২৫০,০০,০০,০০০ হতে টাকা ৫৫০,০০,০০,০০০ -এ উন্নীত হবে।
  - গ) কমিশন Shahjalal Islami Bank Securities Limited (Subsidiary of Shahjalal Islami Bank Ltd.) স্টক ব্রোকার এর আবেদনের প্রেক্ষিতে ৬,০০,০০,০০০ টি (প্রতিটি ১০ টাকা মূল্যে) সাধারণ শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করেছে। যা, কোম্পানীর বিদ্যমান (existing) শেয়ারহোল্ডারগণের মধ্যে ইস্যু করা হবে। উক্ত ইস্যুর মাধ্যমে কোম্পানীটি টাকা ৬০,০০,০০,০০০ উত্তোলন করবে। ফলশ্রুতিতে কোম্পানীর পরিশোধিত মূলধন টাকা ২১৪,০০,০০,০০০ হতে টাকা ২৭৪,০০,০০,০০০ -এ উন্নীত হবে।


পাতা ১/২



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

- ঘ) কমিশন AB Investment Ltd. (Subsidiary of AB Bank Ltd.) মার্চেন্ট ব্যাংক এর আবেদনের প্রেক্ষিতে ৩০,১১,৪৩,১৭৫ টি (প্রতিটি ১০ টাকা মূল্যে) সাধারণ শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করেছে। যা, কোম্পানীর বিদ্যমান (existing) শেয়ারহোল্ডারগণের মধ্যে ইস্যু করা হবে। উক্ত ইস্যুর মাধ্যমে কোম্পানীটি টাকা ৩০১,১৪,৩১,৭৫০ উত্তোলন করবে। ফলশ্রুতিতে কোম্পানীর পরিশোধিত মূলধন টাকা ২৯৮,৮৫,৬৮,২৫০ হতে টাকা ৬০০,০০,০০,০০০ -এ উন্নীত হবে।
- ঙ) কমিশন NBL Securities Limited (Subsidiary of National Bank Ltd.) স্টক ব্রোকার এর আবেদনের প্রেক্ষিতে ৩০,০০,০০,০০০ টি (প্রতিটি ১০ টাকা মূল্যে) সাধারণ শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করেছে। যা, কোম্পানীর বিদ্যমান (existing) শেয়ারহোল্ডারগণের মধ্যে ইস্যু করা হবে। উক্ত ইস্যুর মাধ্যমে কোম্পানীটি টাকা ৩০০,০০,০০,০০০ উত্তোলন করবে। ফলশ্রুতিতে কোম্পানীর পরিশোধিত মূলধন টাকা ১০০,০০,০০,০০০ হতে টাকা ৪০০,০০,০০,০০০ -এ উন্নীত হবে।

  
20/09/2023

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক  
ও  
মুখপাত্র।